কৃষিই সমৃদ্ধি

# কৃষি সমাচার

দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র

রেজিঃ নং-ডি এ ১৩ ❑ বর্ষ : ৫৬ ❑ মার্চ-এপ্রিল ❑ ২০২৩ খ্রিষ্টাব্দ ❑ ১৬ ফাল্গুন-১৭ বৈশাখ ❑ ১৪৩০ বঙ্গাব্দ ❑ ১৪৪৪ হিজরি



হাওরে বোরো ধান কাটা উৎসব উদ্বোধন করছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান, মাননীয় পানিসম্পদ উপমন্ত্রী জনাব একেএম এনামুল হক শামীম এবং বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি মন্ত্রণালয়

# কৃষি সমাচার

দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র


**প্রধান উপদেষ্টা**
আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি

**উপদেষ্টামণ্ডলী**
মো. আব্দুস সামাদ
সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)
মোঃ মজিবর রহমান
সদস্য পরিচালক (অর্থ)
মোঃ মোস্তাফিজুর রহমান
সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)
সুলতান আহমেদ
সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ)
মোঃ আশরাফুজ্জামান
সচিব

**সম্পাদক**
মঈনুল ইসলাম
ই-মেইল : biswasrakeeb@gmail.com

**সার্বিক সহযোগিতায়**
মোঃ তোফায়েল আহমদ
উপজনসংযোগ কর্মকর্তা

**ফটোগ্রাফি**
অলি আহমেদ, ক্যামেরাম্যান

**প্রকাশক**
এস এ এম সাঈব
জনসংযোগ কর্মকর্তা

**মুদ্রণে : এম. এ. প্রিন্টিং সলিউশন**
১১২/২ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০
মোবাইল : ০১৯৭১৭৮৮৫৩৩


## সম্পাদকীয়

২৬ মার্চ বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার ঘোষণার পর বাঙালি জাতি মুক্তির মহালড়াইয়ে ঝাঁপিয়ে পড়ে। টানা ৯ মাসের রক্তাক্ত সংগ্রামে ৩০ লক্ষ শহিদের আত্মত্যাগ ও ২ লক্ষ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে পাকিস্তানি হানাদার বাহিনীর শোষণের শৃঙ্খল থেকে স্বাধীনতার সূর্য ছিনিয়ে আনে বাঙালি জাতি। এটি জাতীয় জীবনে এক অনন্য গৌরবময় দিন। মহান মুক্তিযুদ্ধের চেতনা ও ত্যাগকে স্মরণ করে ২৬ মার্চ ২০২৩ তারিখ বিএডিসি যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করে। দিবসটি উপলক্ষ্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের পর কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। পরে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের নেতৃত্বে বিএডিসি'র প্রতিনিধিদল সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। গত ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ আয়োজন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান কৃষিবান্ধব সরকারের নেতৃত্বে বিএডিসি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের উদ্যোগ, ভর্তুকি ও নানা প্রণোদনায় কৃষির উৎপাদন বিপুলপরিমাণে বৃদ্ধি পেয়েছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বিএডিসি'র কৃষি উৎপাদনের ধারা উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে আমাদের প্রত্যাশা।

## ভেতরের পাতায় ...........................


বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন......০৩
যথাযোগ্য মর্যাদায় বিএডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপিত ......০৪
বিএডিসি'র মাধ্যমে রাশিয়ায় আলু রপ্তানির সমঝোতা চুক্তি স্বাক্ষরিত......০৫
কৃষি উৎপাদন অব্যাহত রাখতে বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার-কৃষিমন্ত্রী......০৬
এ বছর বোরোতে রেকর্ড উৎপাদন হবে-কৃষিমন্ত্রী......০৭
লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক সম্ভাবনা রয়েছে-কৃষিসচিব......০৮
'ফরিদপুরের পেঁয়াজের বীজ এখন একটি ব্র্যান্ড'-কৃষিসচিব......০৯
বিএডিসি'র চেয়ারম্যানের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন ও কৃষক মতবিনিময় সভায় অংশগ্রহণ......১০
বিএডিসি'র জীবপ্রযুক্তি প্রকল্পের আওতায় কর্মকর্তা প্রশিক্ষণ অনুষ্ঠিত......১২
বিএডিসি বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্টে অনবদ্য চ্যাম্পিয়ন বরিশাল ওয়ারিয়র্স......১৩
জ্যৈষ্ঠ-আষাঢ় মাসের কৃষি ......১৬


যারা যোগায়
ক্ষুধার অন্ন
আমরা আছি
তাদের জন্য


বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোন : ২২৩৩৫৭৬৮৫, ই-মেইল : prdbadc@gmail.com , ওয়েবসাইট : www.badc.gov.bd

# বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

গত ২৬ মার্চ ২০২৩ তারিখ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) তে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যে ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। জাতীয় দিবস উপলক্ষ্যে বিএডিসি'র কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা সূর্যোদয়ের সাথে সাথে উত্তোলন করা হয়। দিবসটি উপলক্ষে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের পর কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কৃষি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

পরে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের নেতৃত্বে বিএডিসি'র প্রতিনিধিদল সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নির্দেশনায় বিএডিসি'র কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোকসজ্জা করা হয় এবং কৃষি ভবনের সম্মুখে বিভিন্ন রং এর পতাকা দ্বারা শোভিত করা হয়। জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি এবং স্বাধীনতাযুদ্ধের সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে ২৬ মার্চ বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল মসজিদে মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা হয়। বিএডিসি'র চেয়ারম্যানের নির্দেশে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানে বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কৃষি ভবনে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের পর মোনাজাত করছেন বিএডিসি'র চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ*

# যথাযোগ্য মর্যাদায় বিএডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপিত




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে কেক কাটছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

১৭ মার্চ বাঙালি জাতির ইতিহাসে একটি স্মরণীয় দিন। ১৯২০ সালের এ দিনেই গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন বাঙালি জাতির পিতা স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার গঠন করার পর দিনটি রাষ্ট্রীয়ভাবে জাতীয় শিশু দিবস হিসেবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সরকার কর্তৃক গৃহীত কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে বিএডিসি যথাযোগ্য মর্যাদায় প্রতিবছর এ দিবসটি উদযাপন করে।

গত ১৭ মার্চ ২০২৩ তারিখে সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এঁর নেতৃত্বে বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন এবং কৃষি ভবনে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন। জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে কেক কাটেন সংস্থার চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি। এদিনে বঙ্গবন্ধু, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যগণ এবং মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী শহিদগণের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।



*বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন করছেন বিএডিসি'র চেয়ারম্যান*



*বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করছেন বিএডিসি'র চেয়ারম্যান*

# বিএডিসি'র মাধ্যমে রাশিয়ায় আলু রপ্তানির সমঝোতা চুক্তি স্বাক্ষরিত




*সমঝোতা স্মারকে বিএডিসি'র পক্ষে স্বাক্ষর করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এবং এনজিআরইউ'র পক্ষে স্বাক্ষর করেন জনাব আবদুস সাত্তার মিয়া*

গত ০৪ এপ্রিল ২০২৩ তারিখে রাজধানীর একটি হোটেলে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং ন্যাশনাল গ্রুপ (এনজিআরইউ), রাশিয়া এর মধ্যে আলু রপ্তানির বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রদূত, বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়ের সচিব, বিএডিসি'র চেয়ারম্যান। এ ছাড়া রাশিয়ার আমদানিকারক প্রতিষ্ঠান নেরুর চেয়ারম্যান ও প্রতিনিধিসহ বিএডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাগণ।

সমঝোতা স্মারকে বিএডিসি'র পক্ষে স্বাক্ষর করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এবং এনজিআরইউ'র পক্ষে স্বাক্ষর করেন জনাব আবদুস সাত্তার মিয়া। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় কৃষিমন্ত্রী, বাংলাদেশস্থ রাশিয়ান রাষ্ট্রদূত, বাংলাদেশের কৃষিসচিব, বিএডিসি'র চেয়ারম্যানসহ অন্যান্য বক্তাগণ তাদের বক্তব্যে বলেন, কৃষি উন্নয়নের ক্ষেত্রে বিএডিসি'র ভূমিকা অগ্রগণ্য। বিএডিসি'র প্রতিষ্ঠালগ্ন হতে বিভিন্ন সময়ে মানসম্পন্ন ও উচ্চ ফলনশীল বীজ কৃষকদের নিকট যথাসময়ে পৌছে দেয়ার কাজটি সম্পাদন করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় সম্প্রতি বিএডিসি'র মাধ্যমে উচ্চফলনশীল রপ্তানিযোগ্য এবং শিল্পে ব্যবহার উপযোগী নতুন দশটি জাত উদ্ভাবন করে ব্যাপকহারে সম্প্রসারণ করা হচ্ছে। বর্তমান বিশ্বে আলু উৎপাদনে বাংলাদেশ ৬ষ্ঠ অবস্থানে রয়েছে। বর্তমানে দেশের প্রায় ৫ লক্ষ হেক্টর জমিতে ১.০৬ কোটি মে.টন আলু উৎপাদিত হয়। উৎপাদিত আলুর মধ্যে ৮০ লক্ষ মে.টন দেশের চাহিদা পূরণ করতে সক্ষম। অবশিষ্ট ২০.০৬ লক্ষ মে.টন আলু রপ্তানিযোগ্য। রপ্তানির ক্ষেত্রে আন্তর্জাতিক বাজারে ব্যাপক চাহিদা থাকায় গত ২০২০-২১ অর্থবছর হতে আলু রপ্তানি অব্যাহত আছে। ইতোমধ্যে বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় চলমান অর্থবছর পর্যন্ত মালয়েশিয়া, সিঙ্গাপুর ও নেপালে বিএডিসি'র মাধ্যমে প্রায় ৬ হাজার ৮৪ মেট্রিক টন আলু রপ্তানি করা হয়েছে। আলু রপ্তানির জন্য সরকার একটি বৃহৎ আকারের পরিকল্পনাও ইতোমধ্যে গ্রহণ করেছে।




*সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

বক্তারা আরো বলেন, রাশিয়ান ফেডারেশন বাংলাদেশের বন্ধুপ্রতিম রাষ্ট্র এবং ১৯৭১ সালে সংগঠিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে রাশিয়া প্রত্যক্ষভাবে ভূমিকা পালন করে। ফলে দুই দেশের মধ্যে ঐতিহাসিক সম্পর্ক বিরাজমান। রাশিয়া প্রতি বছর বিশ্বের বিভিন্ন দেশ হতে এক লক্ষ মিলিয়ন মে.টন আলু আমদানি করে থাকে। বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উৎপাদিত আলুর গ্রহণযোগ্যতা থাকায় রাশিয়া বাংলাদেশ হতে আলু আমদানির বিষয়ে আগ্রহ ব্যক্ত করেছে। এর পরিপ্রেক্ষিতে দুই দেশের সরকারের সহযোগিতায় বাংলাদেশ থেকে রাশিয়ায় আলু রপ্তানি সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সম্পাদিত চুক্তির মেয়াদকাল চুক্তির তারিখ হতে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত। এ চুক্তির মাধ্যমে দুই দেশের মধ্যে বিদ্যমান আর্থসামাজিক এবং বাণিজ্যিক ক্ষেত্রে সম্পর্কের নতুন দ্বার উন্মোচিত হবে।

# কৃষি উৎপাদন অব্যাহত রাখতে বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার-কৃষিমন্ত্রী




*কৃষিকে স্মার্ট কৃষিতে রূপান্তরে করণীয় শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, খাদ্যের জন্য আমরা অন্যের উপর নির্ভরশীল হতে পারি না। সেজন্য কৃষি উৎপাদন অব্যাহত রাখতে ও খাদ্য নিরাপত্তার জন্য কৃষিতে বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার। এছাড়া, পৃথিবীর অনেক দেশের তুলনায় আমাদের দেশে বেশি ভর্তুকি দিয়ে কৃষিকে লাভজনক করার চেষ্টা করছে সরকার।

গত ১২ এপ্রিল ২০২৩ তারিখে রাজধানীর একটি হোটেলে “গতানুগতিক কৃষিকে স্মার্ট কৃষিতে রূপান্তরে করণীয়” শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এ সেমিনারের আয়োজন করে।

মাননীয় মন্ত্রী বলেন, বর্তমান সরকার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী কৃষিকে আধুনিক ও লাভজনক করতে কাজ করছে। ৫০-৭০% ভর্তুকিতে কৃষকদের কৃষিযন্ত্র দেয়া হচ্ছে। ফলে কৃষি যান্ত্রিকীকরণ ও আধুনিকীকরণের দিকে এগিয়ে যাচ্ছে। সরকারের উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তা, ব্যবসায়ীদের এগিয়ে আসতে হবে। কৃষি উৎপাদন, যান্ত্রিকীকরণ, প্রক্রিয়াজাতে বিনিয়োগ করতে হবে। তাহলেই, কৃষি দ্রুত আধুনিক হবে, লাভজনক হবে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, ২০৪০ সালের মধ্যে দেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাওয়ার জন্য কাজ করছে সরকার। সেই লক্ষ্যে কৃষি সেক্টরকেও সেইভাবে প্রস্তুত করা হচ্ছে।

আয়োজক সংগঠনের প্রেসিডেন্ট ব্যারিস্টার সামির সাত্তারের সভাপতিত্বে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ সাত্তার মন্ডল, আইসিটি বিভাগের সচিব জনাব মোঃ শামসুল আরেফিন, বিশ্ব খাদ্য কর্মসূচির বাংলাদেশ প্রতিনিধি ডোমেনিকো স্কালপেল্লি, কৃষি ও গণমাধ্যম ব্যক্তিত্ব জনাব শাইখ সিরাজসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।

# বিএডিসি উচ্চ বিদ্যালয়ের ৩৯তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ১১ মার্চ ২০২৩ তারিখে বিএডিসি উচ্চ বিদ্যালয়ের ৩৯তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি প্রধান অতিথি হিসেবে এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষ্যে রাজধানীর মিরপুরের বিএডিসি স্টাফ কোয়ার্টারে অবস্থিত বিএডিসি উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের পদচারণায় মুখর হয়ে ওঠে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ও বিএডিসি'র সচিব জনাব মোঃ আশরাফুজ্জামান।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ও বিএডিসি'র সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব মো. আব্দুস সামাদ।



*বেলুন উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

# এ বছর বোরোতে রেকর্ড উৎপাদন হবে-কৃষিমন্ত্রী




*হাওরে কম্বাইন হারভেস্টার দিয়ে ধান কাটা উদ্বোধন করছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। এ সময় মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান, মাননীয় পানিসম্পদ উপমন্ত্রী জনাব একেএম এনামুল হক শামীম উপস্থিত ছিলেন*

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, চলমান ২০২২-২৩ অর্থবছরে সারা দেশে প্রায় ৫০ লাখ হেক্টর জমিতে বোরো ধান আবাদ হয়েছে। কোন প্রাকৃতিক দুর্যোগ না হলে ও সময়মতো ধান ঘরে তুলতে পারলে বোরোতে রেকর্ড উৎপাদন হবে। হাওড়ে বোরো ধান কাটা চলছে, এখন পর্যন্ত প্রায় ৩৫ ভাগ ধান কাটা হয়ে গেছে। এই মুহূর্তে শুধু সুনামগঞ্জেই এক হাজার কম্বাইন হারভেস্টারে ধান কাটা চলছে। আশা করি, ৩০ তারিখের মধ্যেই হাওরের ধান কাটা হয়ে যাবে, এবার ধান কাটায় কোন সমস্যা হবে না।

গত ১৯ এপ্রিল ২০২৩ তারিখে সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলার ডেকার হাওরে বোরো ধান কর্তন উৎসব ও কৃষকদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী এসব কথা বলেন। সুনামগঞ্জ জেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অফিস এ অনুষ্ঠানের আয়োজন করে।

হাওরে ধানকে ঝুঁকিমুক্ত, শঙ্কামুক্ত করতে সরকারের নানান পদক্ষেপ তুলে ধরে মন্ত্রী বলেন, ইনশাআল্লাহ আগামী ২-৩ বছরের মধ্যে হাওরের ধান হবে ঝুঁকিমুক্ত ও শঙ্কামুক্ত। পাকা ধান দ্রুত কাটার জন্য আমরা ৭০% ভর্তুকিতে হাওরে কম্বাইন হারভেস্টার দিয়ে যাচ্ছি। এর সুফল আমরা পাচ্ছি।

মাননীয় মন্ত্রী বলেন, এছাড়া আমরা স্বল্পজীবনকালীন ও ঠাণ্ডাসহিষ্ণু আগাম জাতের ধান চাষে গুরুত্ব দিচ্ছি। যাতে ১৫ দিন আগেই ধান পাকে। ইতোমধ্যে বিজ্ঞানীরা অনেকগুলো জাত উদ্ভাবন করেছেন। এ জাতগুলো দ্রুত সম্প্রসারণ করতে পারলে হাওরের ধান ঘরে তোলা নিয়ে কোন শঙ্কা থাকবে না। পানি আসার আগেই ঘরে ধান তোলা যাবে।

ব্রি ২৮ ও ব্রি ২৯ জাতের ধান চাষ না করার জন্য কৃষকদের আহ্বান জানান মাননীয় মন্ত্রী। তিনি বলেন, ব্রি ২৮ জাতটি পুরনো হয়ে গেছে, সহজেই ব্লাস্টসহ নানান রোগে আক্রান্ত হচ্ছে, উৎপাদনশীলতাও কমে গেছে। ব্রি ২৯ একটু দেরিতে পাকে। এসব জাতের পরিবর্তে উচ্চ উৎপাদনশীল নতুন জাত যেমন ব্রি- ৮১, ব্রি- ৮৯, ব্রি-৯২ চাষ করতে হবে। এদের ফলন প্রতি শতকে এক মণেরও বেশি।

অনুষ্ঠানে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান, মাননীয় পানিসম্পদ উপমন্ত্রী জনাব একেএম এনামুল হক শামীম, পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমুল আহসান, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস, সুনামগঞ্জের জেলা প্রশাসক, পুলিশ সুপার প্রমুখ বক্তব্য রাখেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হিসাবে এ বছর ৫০ লাখ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে, আর উৎপাদন লক্ষ্যমাত্রা ২ কোটি ১৫ লাখ মেট্রিক টন চাল।

গত ২০২১-২২ অর্থবছরে বোরো ধান আবাদ হয়েছিল ৪৮ লাখ ১৪ হাজার হেক্টর জমিতে, উৎপাদন হয়েছিল প্রায় ২ কোটি ২ লাখ টন চাল।

উল্লেখ্য, এ বছর বোরোর আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ১৭০ কোটি টাকার প্রণোদনা দেয়া হয়েছিল। সারা দেশের প্রায় ২৭ লাখ কৃষক এ প্রণোদনার আওতায় বিনামূল্যে বীজ ও সার পেয়েছেন।

হাওরে বোরো ধান কর্তন উৎসব অনুষ্ঠানে বিএডিসি'র চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি কৃষকদের উদ্দেশ্যে বলেন, সেচ এবং সার আমরা বিএডিসি'র পক্ষ থেকে দিয়ে থাকি। এই মুহূর্তে সারাদেশে বিএডিসি'র গুদামে টিএসপি, এমওপি এবং ডিএপি সারের প্রায় সাড়ে ৪ লক্ষ মে. টন গুদামজাত রয়েছে। আগামী আমন মৌসুমে এই তিনটি সারের প্রায় ৪-৫ লক্ষ মে.টনের প্রয়োজনীয়তা রয়েছে। আরও ৫ লক্ষ মে.টন সার পরিবহণ পর্যায়ে রয়েছে।

কৃষকদের আশ্বস্ত করে তিনি বলেন, কৃষি যন্ত্রে যেমন ৭০%-৭৫% ভর্তুকি দেওয়া হয় তেমনি সারের ক্ষেত্রেও ভর্তুকি প্রদান করা হয়ে থাকে। তিনি হাওরের কৃষক ভাইদের আগামী বোরো ও আমন মৌসুমে ন্যায্য ও ভর্তুকিমূল্যে যথাসময়ে সার পাবেন বলে নিশ্চিত করেন।

# লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক সম্ভাবনা রয়েছে-কৃষিসচিব

কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার বলেছেন, লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক সম্ভাবনা রয়েছে। মিষ্টি পানি সংরক্ষণের মাধ্যমে সেচের ব্যবস্থা করতে পারলে উপকূলীয় এলাকায় কৃষি বিপ্লব ঘটানো সম্ভব হবে। তিনি আরো বলেন, সরকার সারে ভর্তুকির পরিমাণ অনেক বাড়িয়েছেন। মাঠ পর্যায়ে সারের ব্যবহার পরিমিত করতে পারলে আলুসহ অন্যান্য ফসল সংরক্ষণ করা সহজ হবে। দেশে কৃষি উৎপাদন অব্যাহত রাখতে অনাবাদি পতিত জমিকে চাষের আওতায় এনে প্রতি ইঞ্চি জমি সদ্ব্যবহারে মাঠ পর্যায়ে আরো আন্তরিকভাবে কাজ করতে কৃষি কর্মকর্তাদের প্রতি নির্দেশ দেন।




*গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও পিরোজপুর প্রকল্পের আওতায় কৃষক সমাবেশ ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার*

কৃষিসচিব ২২ মার্চ দুপুরে খুলনার আভা সেন্টারে ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস এ কর্মশালায় সভাপতিত্ব করেন।

কৃষিসচিব এ সময় বলেন, ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তিসমূহ সঠিকভাবে ব্যবহার করতে পারলে কৃষকেরা আর্থিকভাবে অনেক লাভবান হবেন ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে। প্রকল্পের কার্যক্রম সম্পর্কে স্বাগত বক্তব্য দেন প্রকল্প পরিচালক জনাব শেখ ফজলুল হক মনি। বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আবদুল্লাহ সাজ্জাদ এনডিসি উক্ত কর্মশালায় কৃষি বিষয়ে মূল্যবান বক্তব্য প্রদান করেন। এর আগে কৃষিসচিব স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্টের বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগ দেন। সকালে কৃষিসচিব গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও পিরোজপুর প্রকল্পের আওতায় কৃষক সমাবেশ ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।




*খুলনায় কৃষক সমাবেশ ও মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

কৃষিসচিব খুলনা অঞ্চলে বিএডিসি'র বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। বিএডিসি'র চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি কৃষি সচিবের সফরসঙ্গী ছিলেন।

# ফরিদপুরের পেঁয়াজের বীজ এখন একটি ব্র্যান্ড-কৃষিসচিব



*লোহারদিয়া গ্রামে পেঁয়াজ বীজ উৎপাদনকারী বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজ ফসলের মাঠ পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার*

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন "মানসম্পন্ন মসলা বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিতরণ" শীর্ষক প্রকল্পে বরিশাল-ফরিদপুর জোনের আওতাধীন ফরিদপুর জেলার পাঁচটি স্থানে পেঁয়াজ বীজ চাষ স্কিম চালু করা হয়েছে। এর মধ্যে ভাঙ্গা উপজেলায় রয়েছে দুটি স্কিম। এর একটি চান্দ্রা ইউনিয়নের লোহারদিয়া গ্রামে। প্রায় ১৬ একর জমিতে সেখানে পেঁয়াজ বীজ চাষ করছেন পাঁচজন কৃষক।

গত ২২ মার্চ ২০২৩ তারিখে সরেজমিনে লোহারদিয়া গ্রামে পেঁয়াজ বীজ উৎপাদনকারী চুক্তিবদ্ধ চাষীদের বীজ ফসলের মাঠ পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার। পরে তিনি স্থানীয় পেঁয়াজ চাষীদের সঙ্গে মতবিনিময় করেন। অনুষ্ঠানে বিএডিসির চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস, বিএডিসির সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, মহাব্যবস্থাপক (বীজ) জনাব প্রদীপ চন্দ্র দে, প্রকল্প পরিচালক জনাব মোঃ জামিলুর রহমানসহ বিএডিসি'র কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার বলেন, দেশে কৃষিখাতের সাফল্যের বড় কারণ পেঁয়াজ বীজ চাষে আমাদের সফলতা। আর এই পেঁয়াজ বীজের সিংহভাগই উৎপন্ন হয় ফরিদপুর জেলায়। ফরিদপুরের মাটি ও আবহাওয়া পেঁয়াজ বীজ চাষের খুবই উপযোগী। যেমনটি অন্য কোথাও নেই।

তিনি ফরিদপুরের পেঁয়াজ বীজ চাষীদের উদ্দেশ্যে বলেন, আপনারা পাইকারদের কাছে পেঁয়াজ বীজ বিক্রি করবেন তবে অবশ্যই যখন তারা সেটি বাজারজাত করবে তখন যেন সেই বীজের প্যাকেটে "ফরিদপুরের বীজ" লেখা থাকে। কারণ ফরিদপুরের পেঁয়াজ বীজ একটি মানসম্মত ব্র্যান্ড। তিনি বলেন, পেঁয়াজ বীজ চাষে সফলতার কারণে আমাদের আমদানি নির্ভরতা কমেছে ফলে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে।

মতবিনিময় সভায় জনাব মোঃ দেলোয়ার হোসেন এবং জনাব আলমগীর হাওলাদার নামে দুজন পেঁয়াজ বীজ চাষী বক্তব্য রাখেন। তারা ভারত থেকে নিম্নমানের পেঁয়াজ বীজ আমদানি বন্ধের জোর দাবি জানান।

সভায় বক্তারা বলেন, বর্তমান সরকার কৃষকের জন্য ভর্তুকি, প্রণোদনাসহ নানা উদ্যোগ নিয়েছে।




*লোহারদিয়া গ্রামে পেঁয়াজ বীজ উৎপাদনকারী বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজ ফসলের মাঠ পরিদর্শন ও মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

# বিএডিসি'র চেয়ারম্যানের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন ও কৃষক মতবিনিময় সভায় অংশগ্রহণ

সংস্থায় যোগদানের পর থেকেই বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি বিএডিসি'র মাধ্যমে গৃহীত বিভিন্ন উইং এর কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মাঠ পরিদর্শন অব্যাহত রেখেছেন।

এরই ধারাবাহিকতায় গত ৮ এপ্রিল ২০২৩ তারিখ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশ (বিএডিসি) এর চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি দিনাজপুর অঞ্চলের বিভিন্ন সার গুদাম পরিদর্শন করেন এবং বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।




*গাজীপুরের কাপাসিয়ায় পাচুয়া-২ কিউসেক এলএলপি সেচ স্কীমের শুভ উদ্বোধন করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

এ সময় বিএডিসি'র সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব মো. আব্দুস সামাদ এবং সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন। এছাড়া যুগ্মপরিচালক (সার) দিনাজপুর ও রংপুর অঞ্চল, যুগ্মপরিচালক (পাটবীজ) দিনাজপুর, যুগ্মপরিচালক (বীপ্র) দিনাজপুর ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী রংপুর সার্কেল এবং রংপুর বিভাগ এর বিএডিসি'র বিভিন্ন দপ্তর প্রধানগণসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এর আগে গত ৭ এপ্রিল ২০২৩ তারিখ বিএডিসি'র চেয়ারম্যান বিএডিসি'র বৃহত্তর ঢাকা জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের আওতাধীন গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলায় পুনঃখননকৃত ১১.২০ দৈর্ঘ্যের মাদুলী খাল এবং পাচুয়া (১, ২) ও বর্জাপুর ২ কিউসেক এলএলপি সেচ স্কীম পরিদর্শন করেন। এ সময় তিনি পাচুয়া ২ কিউসেক এলএলপি সেচ স্কীমের শুভ উদ্বোধন করেন এবং দেড় শতাধিক মানুষের উপস্থিতিতে কৃষক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।



*দিনাজপুরে বিএডিসি'র সার গুদাম পরিদর্শন করছেন সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*



*সিলেট বীজ উৎপাদন খামারে ফলজ বৃক্ষ রোপণ করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে বিএডিসি'র চেয়ারম্যান বলেন, বিএডিসি সারদেশে কৃষকদের মাঝে সরকারের ভর্তুকির মাধ্যমে সেচ সুবিধা, উন্নত মানের বীজ ও সার সরবরাহ করে আসছে। এতে দেশে খাদ্য উৎপাদন বৃদ্ধি পাচ্ছে এবং সেচ খরচ কমছে। তিনি আরও জানান, বর্তমানে দেশে কোথাও কোন সারের সংকট নেই।




*কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত চৌদ্দগ্রাম ইউনিট অফিস কাম ট্রেনিং সেন্টার উদ্বোধন করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

এদিকে গত ১৫ এপ্রিল ২০২৩ তারিখে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন।

একইসঙ্গে চলতি অর্থ বছরে প্রকল্পের আওতায় বাস্তবায়িত পাঁচটি উল্লেখযোগ্য কার্যক্রম ভূ-গর্ভস্থ ড্রেনেজ পাইপ লাইন নির্মাণের মাধ্যমে জলাবদ্ধতা দূরীকরণ, পদুয়া ফসল রক্ষা বাঁধ, মহিচাইল (মাধাইয়া) খাল ও মুরচানী খাল পুনঃখনন এবং চৌদ্দগ্রাম ইউনিট অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ কার্যক্রম উদ্বোধন করেন। পরবর্তীতে চান্দিনা, দাউদকান্দি এবং জাঙ্গালিয়া সার গুদাম পরিদর্শন করেন। কার্যক্রম পরিদর্শন শেষে বিএডিসি'র চেয়ারম্যান সন্তোষ প্রকাশ করেন এবং বর্তমান সরকারের কর্ম কৌশল অনুযায়ী সততা ও স্বচ্ছতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। পরিদর্শনকালে সংশ্লিষ্ট উইংয়ের সদস্য পরিচালক, প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।




*বগুড়ায় কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

গত ২৫ এপ্রিল ২০২৩ তারিখে বিএডিসি'র চেয়ারম্যান সিরাজগঞ্জ সার গোডাউন পরিদর্শন করেন। এ সময় চলমান কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে তিনি কৃষকদের দোরগোড়ায় নিরবচ্ছিন্ন সার সরবরাহ অব্যাহত রাখতে বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন।

গত ২৬ এপ্রিল ২০২৩ তারিখে বিএডিসির চেয়ারম্যান বিএডিসি বগুড়া অঞ্চলের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে মতবিনিময় করেন এবং নবনির্মিত সার গুদাম উদ্বোধন করেন। এছাড়া অত্রদপ্তরের চলতি মৌসুমের গমবীজের গ্রেডিং কার্যক্রম ও অন্যান্য চলমান কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে চেয়ারম্যান বিএডিসির কার্যক্রমকে এগিয়ে নেয়ার জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

গত ১৯ এপ্রিল ২০২৩ তারিখে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি সিলেট বীজ উৎপাদন খামার পরিদর্শন করেন এবং মাঠের ফসল দেখে সন্তুষ্টি প্রকাশ করেন। পরিদর্শনকালে চেয়ারম্যান খামার প্রাঙ্গনে বারি ১১ জাতের আম গাছের চারা রোপণ করেন।




*বগুড়ায় সার প্রকল্পের মাধ্যমে নির্মিত পিএফজি-২ সার গুদাম উদ্বোধন করেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

# বিএডিসি'র জীবপ্রযুক্তি প্রকল্পের আওতায় কর্মকর্তা প্রশিক্ষণ অনুষ্ঠিত




*জীবপ্রযুক্তি প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

গত ০৯ ও ১০ মার্চ ২০২৩ তারিখে জীবপ্রযুক্তির মাধ্যমে কৃষিবীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্পের আওতায় "জীবপ্রযুক্তির মাধ্যমে মানসম্পন্ন বীজআলু ও উদ্যান জাতীয় ফসল উৎপাদন কলাকৌশল এবং গ্রিন হাউজে হাইড্রোপনিক্স ও অ্যারোপনিক্স ব্যবস্থাপনা" শীর্ষক ২ দিনব্যাপী কর্মকর্তা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

ঢাকার গাবতলীতে অবস্থিত বিএডিসি'র কেন্দ্রীয় বীজ পরীক্ষাগারে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব মো. আব্দুস সামাদ, সাবেক সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) ও বেটস্ কনসালটিং সার্ভিসেস লি. এর টিম লিডার জনাব মুহাম্মদ আজহারুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রকল্প পরিচালক (জীবপ্রযুক্তি) ড. এ. বি. এম. গোলাম মনছুর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাব্যবস্থাপক (উদ্যান) জনাব মোঃ ইব্রাহিম হোসেন।

বিএডিসি'র বিভিন্ন অঞ্চলের ৩০ (ত্রিশ) জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি বলেন, স্বাধীনতার ৫২ বছরে বাংলাদেশের কৃষি অনেক এগিয়েছে। ক্রমবর্ধমান মানুষের খাদ্য, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতের জন্য কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। এ প্রকল্পের আওতায় টিস্যুকালচারের মাধ্যমে রোগমুক্ত, উচ্চফলনশীল, উন্নত জাতের বীজআলুর চারা উৎপাদন করা হচ্ছে। এর মাধ্যমে রপ্তানীযোগ্য এবং শিল্পে ব্যবহার্য আলুর জাত সহজলভ্য হচ্ছে। এছাড়া উচ্চ মূল্যমানের উদ্যান জাতীয় ফসল যেমন স্ট্রবেরি, আনারস, খেজুর, কলা ইত্যাদি এবং জারবেরা, অর্কিডের মত দামি ফুলের চারা টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদনের ব্যবস্থা রয়েছে। এতে দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে এবং বৈদেশিক মুদ্রা আয় বৃদ্ধি পাবে। হাইড্রোপনিক্স ও অ্যারোপনিক্স পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ভার্টিক্যাল (Vertical) ফসল উৎপাদনের সুযোগ তৈরি হচ্ছে। তিনি প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের নতুন প্রযুক্তি সম্পর্কে সম্যক ধারণা নিয়ে কৃষকের কল্যাণে নিবেদিত হওয়ার আহ্বান জানান।

প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিএডিসি'র বিশেষজ্ঞগণ বিভিন্ন বিষয়ে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ শেষে জীবপ্রযুক্তি পরীক্ষাগার সরেজমিনে পরিদর্শন এবং চারা উৎপাদন কৌশল হাতে-কলমে শেখানো হয়।

বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এবং মহাব্যবস্থাপক (বীজ) জনাব প্রদীপ চন্দ্র দে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।




*প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করছেন বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান*

# ‘বিএডিসি বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্টে’ অনবদ্য চ্যাম্পিয়ন বরিশাল ওয়ারিয়র্স




*বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ এ চ্যাম্পিয়ন বরিশাল ওয়ারিয়র্স দলের কাছে ট্রফি তুলে দিচ্ছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) আয়োজিত বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ এ চ্যাম্পিয়ন হয়েছে বরিশাল ওয়ারিয়র্স। ফাইনালে খুলনা টাইগার্সকে ২১ রানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বরিশাল ওয়ারিয়র্স।

গত ১৮ মার্চ ২০২৩ তারিখ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি। এ ছাড়া মাঠে থেকে খেলা উপভোগ করেন বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ।

সমাপনী বক্তব্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি বলেন, বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এ রকম একটি টুর্নামেন্ট সফলভাবে আয়োজন করা বিএডিসি'র কৃতিত্ব। বছরে এক-দুইবার এ ধরনের খেলাধুলা কর্মক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের উদ্দীপনা ও আন্তঃযোগাযোগ বৃদ্ধি করে। তিনি বিজয়ী দল বরিশাল ওয়ারিয়র্সের পাশাপাশি সকল দলের খেলোয়াড় ও সংশ্লিষ্টদের অভিবাদন জানান। বিএডিসি'র চেয়ারম্যান ক্রীড়ার মাধ্যমে শরীর ও মনের উন্নতি সাধন করে দেশ ও জাতির জন্য বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারীদের নিবেদিত হওয়ার আহবান জানান।

‘বিএডিসি স্পোর্টস লাভার্স’ আয়োজিত এ টুর্নামেন্টে পদ্মা গ্লাডিয়েটর্স, বরিশাল ওয়ারিয়র্স, খুলনা টাইগার্স, নর্থ বেঙ্গল কিংস, চট্টগ্রাম স্ট্রাইকার্স, ময়মনসিংহ ভিক্টোরিয়ান্স, ঢাকা ডমিনেটর্স এবং সিলেট টাইটান্স নামের ৮ টি দল অংশগ্রহণ করে। সারা দেশ থেকে আসা বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ খেলোয়াড় হিসেবে অংশগ্রহণ করেন।

ফাইনাল অনুষ্ঠিত হয় প্রধান, মনিটরিং জনাব মোঃ আঃ ছাত্তার গাজীর মালিকানাধীন টুর্নামেন্টের ফেভারিট খুলনা টাইগার্স বনাম ব্যবস্থাপক (ক.গ্রো) জনাব হুমায়ুন কবিরের মালিকানাধীন তারুণ্যে উজ্জীবিত বরিশাল ওয়ারিয়র্সের মধ্যে।

ফাইনাল ম্যাচে টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন বরিশাল ওয়ারিয়র্সের অধিনায়ক মঈনুল ইসলাম। ব্যাটে নেমে মতিউরের ৩৫, দেবাশীষ ও ইয়াসীনের প্রত্যেকের ১৫ রানের ওপর ভর করে নির্ধারিত ৮ ওভারে ৪ উইকেট হারিয়ে ৮৯ রান করে বরিশালের যোদ্ধাগণ। খুলনার প্রভাষ এবং আতাউল ২ টি করে উইকেট নেন।

৯০ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে খুলনার বাঘেরা দলনায়ক রাজিব মিয়ার ২৩ (১৪), প্রভাষের ১৭ (১৩) এর ওপর ভর করে নির্ধারিত ৮ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য থেকে ২১ রানে পিছিয়ে থেকে ৬৮ রান করতে সমর্থ হয়। বরিশাল ওয়ারিয়র্সের পক্ষে ১ ওভারে ৪ রান দিয়ে মূল্যবান ২টি উইকেট নিয়ে ম্যাচের পরিস্থিতি ঘুরিয়ে দেন গোলাম সারোয়ার। সবুজ, ইয়াসীন ও মঈনুল ১টি করে উইকেট লাভ করেন। ফাইনাল ম্যাচে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন বরিশাল ওয়ারিয়র্সের মতিউর রহমান সানী।

এ টুর্নামেন্টে সর্বোচ্চ ২২৬ রান করে ম্যান অব দ্যা টুর্নামেন্টে হন খুলনা টাইগার্সের মোঃ রাজিব মিয়া। টুর্নামেন্টে সর্বোচ্চ ১১ উইকেট সংগ্রহ করেন খুলনার শাহিনুর সুমন।

টুর্নামেন্ট সফলভাবে সম্পন্ন করার বিষয়ে বিএডিসি বঙ্গবন্ধু কাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ এর সদস্য সচিব ও উপপরিচালক (সংস্থাপন) জনাব পলাশ হোসেন বলেন, বিএডিসি বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩ এর বিজয়ী দল বরিশাল ওয়ারিয়র্স ও বিজিত দল খুলনা টাইগার্সকে অভিনন্দন ও শুভেচ্ছা। টুর্নামেন্ট সফল করার জন্য যারা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন বিশেষ করে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি মহোদয়, টুর্নামেন্ট পরিচালনা কমিটির আহ্বায়ক বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, জনাব মোঃ মিজানুর রহমান, টিমের স্বত্বাধিকারীগণ প্রমুখ এর প্রতি জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। এ ছাড়া টুর্নামেন্ট পরিচালনা কমিটি ও উপকমিটির সকল সদস্যের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।

# পদোন্নতি

**মহাব্যবস্থাপক**

* মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) এর চলতি দায়িত্ব, বিএডিসি, ঢাকায় কর্মরত জনাব মোঃ ওয়াবাদুল ইসলামকে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**অতিরিক্ত মহাব্যবস্থাপক**

* অতিরিক্ত মহাব্যবস্থাপক (ক. গ্রো.) এর চলতি দায়িত্ব এবং কর্মসূচি পরিচালক (বীআমক), বিএডিসি, কৃষি ভবন ঢাকায় কর্মরত জনাব এস এম রেজাউল হুদাকে অতিরিক্ত মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* অতিরিক্ত মহাব্যবস্থাপক (বী. বি) এর চলতি দায়িত্ব, বিএডিসি, ঢাকায় কর্মরত জনাব মোঃ ইদ্রিস মিয়াকে অতিরিক্ত মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* যুগ্মপরিচালক (সার), বিএডিসি, বান্দরবান এর বিপরীতে প্রকল্প পরিচালক, মানসম্পন্ন মসলা বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিতরণ প্রকল্প, বিএডিসি, ঢাকায় কর্মরত জনাব মোঃ জামিলুর রহমানকে অতিরিক্ত মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* যুগ্মপরিচালক (উদ্যান), বিএডিসি, গাজিপুর এবং প্রকল্প পরিচালক, আম ও অন্যান্য সতেজ কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্প তাপ প্রয়োগ প্লান্ট স্থাপন শীর্ষক প্রকল্পে কর্মরত জনাব ড. মোঃ মাহবুব আলমকে অতিরিক্ত মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**যুগ্মপরিচালক**

* উপব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর, [উপপরিচালক (পাটবীজ), বিএডিসি, ঢাকার বিপরীতে] বিএডিসি, ঢাকায় কর্মরত জনাব অচিন্ত্য কুমার দাসকে যুগ্মপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* উপপরিচালক (ক.গ্রো.) বিএডিসি, যশোরে কর্মরত জনাব এস এম একরামুল হককে যুগ্মপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* উপপরিচালক (বীউ), বিএডিসি, ফেনী এবং প্রকল্প পরিচালক, বাংলাদেশ দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন শীর্ষক প্রকল্পে সোনাগাজী, ফেনীতে কর্মরত জনাব সৈয়দ সারোয়ার জাহানকে যুগ্মপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়ে সংযুক্ত [উপব্যবস্থাপক (উন্নয়ন), মহাব্যবস্থাপক(বীজ) দপ্তরের বিপরীতে কৃষি মন্ত্রণালয়ে কর্মরত জনাব ড. মোঃ আক্তার হোসেন খাঁনকে যুগ্মপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপপ্রধান প্রকৌশলী**

* নির্বাহী প্রকৌশলী এবং নিজ দায়িত্বসহ কর্মসূচি পরিচালক, চট্টগ্রাম জেলার গুমাই বিলসহ রাঙ্গুনিয়া উপজেলার সেচ উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণ কর্মসূচি পদের অতিরিক্ত দায়িত্ব চট্টগ্রামে কর্মরত জনাব মোঃ আশরাফুজ্জামানকে তত্ত্ববধায়ক প্রকৌশলী/ উপপ্রধান প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী প্রধান প্রকৌশলী (সওকা) বিএডিসি কৃষি ভবন, ঢাকা ও ক্ষুদ্রসেচ উন্নয়নে জরীপ ও পরিবীক্ষণ ডিজিটালাইজেশনকরণ, বিএডিসি, সেচ ভবন, ঢাকায় কর্মরত জনাব মোঃ নুরুল ইসলামকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপপ্রধান প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* নির্বাহী প্রকৌশলী, সিলেট (সওকা) রিজিয়ন ও তত্ত্ববধায়ক প্রকৌশলী, সিলেট (ক্ষুদ্রসেচ) সার্কেল, বিএডিসি, সিলেট এর অতিরিক্ত দায়িত্বে সিলেটে কর্মরত জনাব প্রনজিত কুমার দেবকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপপ্রধান প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**হিসাবরক্ষণ কর্মকর্তা**

* সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, উপপরিচালক (ক.গ্রো.), বিএডিসি, শেখহাট, যশোর দপ্তরে কর্মরত জনাব মোঃ আজিজুর রহমানকে হিসাবরক্ষণ কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**সহকারী প্রশাসনিক কর্মকর্তা**

* সহকারী পরিচালক (সার), বিএডিসি ময়মনসিংহ দপ্তরের আওতাধীন শম্ভুগঞ্জ সার গুদাম এর বিপরীতে জেলা বীজ বিক্রয় কেন্দ্র, নেত্রকোনা দপ্তরে সংযুক্ত টালি ক্লার্ক জনাব মোঃ আবু রায়হানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, কুমিল্লা, দপ্তরের বিপরীতে যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ঢাকা দপ্তরের অধীনে আড়াইহাজারে সার গুদামে সংযুক্ত টালি ক্লার্ক জনাব ওবায়দুর রহমানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার) দপ্তর , বিএডিসি, সিলেটে কর্মরত টালি ক্লার্ক জনাব শিপলু কুমার দাশকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার) দপ্তর , বিএডিসি, বরিশাল দপ্তরে এর বিপরীতে বরগুনা সার গুদামে কর্মরত টালি ক্লার্ক জনাব আলাউদ্দিন হাওলাদারকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সাধারণ পরিচর্যা বিভাগের, বিএডিসি, ঢাকা দপ্তরের বিপরীতে সমন্বয় বিভাগে সংযুক্ত কৃষি ভবনে কর্মরত টেলিফোন অপারেটর জনাব সালমা জাহানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সাধারণ পরিচর্যা বিভাগের, বিএডিসি, ঢাকা কৃষি ভবনে কর্মরত টেলিফোন অপারেটর জনাব রেহেনা আক্তারকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, বগুড়া দপ্তরের বিপরীতে যুগ্মপরিচালক (সার) বিএডিসি, কিশোরগঞ্জ এর অধীন সরারচর সার গুদাম, কিশোরগঞ্জ দপ্তরে সযুক্ত কর্মরত টালি ক্লার্ক জনাব মোঃ আশরাফুল ইসলামকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, কুষ্টিয়ায় কর্মরত টালি ক্লার্ক জনাব মোঃ কামরুজ্জামানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, কিশোরগঞ্জ দপ্তরের আওতাধীন ভৈরব সার গুদামের বিপরীতে কুলিয়ারচর সার গুদামে সংযুক্ত টালি ক্লার্ক জনাব মোহাম্মাদ জাহিদুর রহমানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, মানিকগঞ্জ দপ্তরের আওতাধীন কালিগঞ্জ সার গুদামে সংযুক্ত টালি ক্লার্ক জনাব মোঃ ছাদেকুর রহমানকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, জামালপুর দপ্তরের বিপরীতে উপপরিচালক (বী.বি.), বিএডিসি, ময়মনসিংহ দপ্তরে কর্মরত টালি ক্লার্ক জনাব নাজমুছ ছানিকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার), বিএডিসি, রংপুর দপ্তরের বিপরীতে যুগ্মপরিচালক (সার) বিএডিসি, বগুড়া দপ্তরে সংযুক্ত টালি ক্লার্ক জনাব সুমাইয়া আখতারকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা দপ্তরের বিপরীতে যুগ্মপরিচালক সওব্য বিভাগে সংযুক্ত টেলিফোন অপারেটর জনাব মোঃ ফরিদুল ইসলামকে সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**ভান্ডাররক্ষক**

* ক্ষুদ্রসেচ রিজিয়ন দপ্তর, বিএডিসি, সিরাজগঞ্জে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ জাহিদুল হাসানকে ভান্ডাররক্ষক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সহকারী পরিচালক (সার) এর দপ্তর, বিএডিসি, ফরিদপুরে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ আলম খাঁনকে ভান্ডাররক্ষক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

* সমন্বয় বিভাগ, বিএডিসি, কৃষি ভবনে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ রুবেল গাজীকে ডেসপাচ রাইডার পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

## বিএডিসি পরিবারের মেধাবী মুখ



রাফান ইবনে ইউনুছ ২০২২ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ঢাকার আইডিয়াল স্কুল বনশ্রী শাখা (ইংলিশ ভার্সন) থেকে ট্যালেন্ট পুলে বৃত্তি পেয়েছে। রাফান ইবনে ইউনুছ বিএডিসি'র ক্রয় বিভাগের ব্যবস্থাপক পদে কর্মরত জনাব মোহাম্মাদ ইউনুছ এর পুত্র। সে সকলের নিকট দোয়া প্রার্থী।



আহনাফ সাদ শাহরিয়ার হাসান ২০২২ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় বীরশ্রেষ্ঠ মুন্সী আঃ রউফ পাবলিক কলেজ থেকে সাধারণ পুলে বৃত্তি পেয়েছে। আহনাফ সাদ শাহরিয়ার হাসান বিএডিসি'র সংস্থাপন বিভাগে কর্মরত উপপরিচালক জনাব শিউলি বেগমের পুত্র। সে সকলের নিকট দোয়া প্রার্থী।

# জ্যৈষ্ঠ-আষাঢ় মাসের কৃষি

### জ্যৈষ্ঠ মাসে কৃষিতে করণীয়:

**ধান:** চাষী ভাইয়েরা, আশা করি এ মাসের প্রথমার্ধে বোরো ধান কাটা শেষ করেছেন। ধান কেটে জাগ দিয়ে বা গাদা করে না রেখে পরিষ্কার শুকনো উঠানে থ্রেসার দিয়ে মাড়াই করে দ্রুত শুকিয়ে নিলে বীজ ও ধানের রঙ ও মান ভাল থাকে। এতে বাজারে ভাল দাম পাওয়া যায়। গরু দিয়ে না মাড়িয়ে ব্রি উদ্ভাবিত থ্রেসার দিয়ে ধান মাড়াই করলে শ্রমিক খরচ অনেক সাশ্রয় করা সম্ভব। নিচু জমিতে যেখানে বন্যার পানি হয় সেখানে বোরো চাষ করে থাকলে ধান কাটার আগে বা পরে জলি আমন ধান ছিটিয়ে দিন। এতে বিনা পরিশ্রমে অতিরিক্ত একটি ফসল পাওয়া যাবে। এ মাসের প্রথম দিকে আউশ ধানের চারা রোপণ করা যায়। আগে লাগানো আউশ ক্ষেতের আগাছা নিড়ানী দিতে হবে। আউশ ধানের আগাছা অন্য যে কোন ফসল থেকে বেশি হয় বিধায় আগাছা নিধনে বিশেষ নজর দিতে হবে। নিড়ানো শেষে জমির উর্বরতার ধরন বুঝে সারের উপরিপ্রয়োগ করুন। সঠিক পদ্ধতি ব্যবহার করে পোকা দমনের ব্যবস্থা নিন। জ্যৈষ্ঠ মাসের শেষ সপ্তাহ হতে আমন ধানের বীজ তলা তৈরির কাজ শুরু করা যেতে পারে। আসন্ন আমন মৌসুমে কি ধরনের জাত চাষ করবেন এখনই তার বীজ বিশ্বস্ত উৎস হতে সংগ্রহ করে ঝেড়ে রোদ দিয়ে রাখুন। আমনের উচ্চ ফলনশীল জাতের মধ্যে বিআর ১০, বিআর ১১, ব্রি ধান-৩০, ব্রি ধান-৩৪, ব্রিধান-৪১, ব্রি ধান-৪৯, বিনাধান-৭ ভালফলন দেয়।




**পাট:** পাটের জমিতে এ সময় আগাছা পরিষ্কার করতে হবে। জমিতে সুস্থ সবল চারা রেখে অতিরিক্ত চারা পাতলা করে দিতে হবে। ফাল্গুনী তোষা পাটের বয়স দেড় মাস হলে একর প্রতি ৪০ কেজি ইউরিয়া উপরিপ্রয়োগ করলে ভাল ফলন পাওয়া যায়। এ সমস্ত জমিতে বিছা পোকা ও ঘোড়া পোকা আক্রমণ করতে পারে। ডিমের গাদা কীড়ার দলা সংগ্রহ করে মেরে ফেলতে হবে। পরিবেশ রক্ষার্থে কীটনাশক যত কম ব্যবহার করা যায় ততই ভাল।

**ডাল ও তৈল:** বাদাম, সয়াবিন, ফেলন, তিল ও মুগ ফসল পরিপক্ক হলেই সংগ্রহ করে ফেলতে হবে। পরিপক্ক ফসল কেটে এনে ভাল ভাবে শুকিয়ে মাড়াই করলে বীজের মান ভাল থাকে। কম শুকানো অবস্থায় মাড়াই করলে আঘাতজনিত কারণে বীজের অঙ্কুরোদগম ক্ষমতা ও জীবনীশক্তি কমে যায়। সংগৃহীত বীজ ভাল করে শুকিয়ে আদ্রতা ৯-১০ শতাংশ এনে বায়ুবদ্ধ পরিষ্কার পাত্রে বীজ সংরক্ষণ করতে হবে।

**ফলমূল:** আম, জাম, লিচু, কাঁঠালসহ অসংখ্য ফল পাওয়া যায় বলে এ মাসকে মধু মাস বলে। মৌসুমী ফল গুলো পচনশীল বলে এগুলো সংগ্রহ করার সময় সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে ফলের গায়ে কোন আঘাত বা আঁচড় না লাগে। ফল সংগ্রহ করে পঁচা ও নিম্নমানের ফল আলাদা করে কাঠের বা কাগজের বাক্স বা প্লাস্টিকের ঝুড়িতে ফল বাজারজাত করতে হবে। এতে সংরক্ষণ কাল বৃদ্ধি পায়।

**শাক সবজি :** বৈশাখে লাগানো ঢেঁড়শ, বেগুন, করলা, ঝিংগা, ধুন্দল, চিচিঙ্গা, শসা, ওলকচু, পটল, কাকরোল, মিষ্টিকুমড়া, লালশাক, পুইশাক অন্যান্য সবজির যত্ন নিন। লতানো গাছে মাচা দেয়ার ব্যবস্থা করুন। গোড়া পরিষ্কার করে প্রয়োজনীয় সার ব্যবহার করুন। গাছের গুঁড়ি হতে একটু দূরত্বে মাটিতে সার প্রয়োগ করতে হবে। জ্যৈষ্ঠ মাসেও উপরোক্ত সবজির আবাদ শুরু করতে পারেন।

### আষাঢ় মাসে কৃষিতে করণীয়:

**ধান:** সময়মতো রবি ফসলের আবাদ করতে চাইলে আষাঢ়ের প্রথম সপ্তাহেই বীজ তলায় আমন বীজ বপন করতে হবে। বন্যার পানিতে তলিয়ে যায় না এমন জমি বীজ তলার জন্য নির্বাচন করতে হবে। ১ মিটার চওড়া প্রয়োজন মত লম্বা প্লটে থকে থকে কাদা করে বীজ তলা তৈরি করতে হবে। অতিরিক্ত পানি নিষ্কাশনের জন্য পাশাপাশি দুটি প্লটের মধ্যে ০.২৫ মিটার চওড়া ৬ ইঞ্চি নালা রাখতে হবে। এ ভাবে তৈরি বীজ তলায় সুস্থ সবল, বালাই-মুক্ত ৮০% গজানো ক্ষমতাসম্পন্ন আমন বীজ বিশ্বস্ত উৎস হতে সরবরাহ করে ৮০-১০০ গ্রাম/বর্গমিটার হারে ছিটিয়ে বুনতে হবে। ভাল চারা পেতে হলে প্রতি বর্গমিটার বীজ তলার জন্য ২ কেজি গোবর, ১০ গ্রাম ইউরিয়া, ১০ গ্রাম টিএসপি ও ১০ গ্রাম জিপসাম ব্যবহার করতে হবে। যে কোন সময় বর্ষা আসতে পারে বিধায় আউশ ধান ৮০% পেকে গেলেই কেটে দ্রুত মাড়াই-ঝাড়াই ও শুকিয়ে ফেলতে হবে। আউশ ধানের চিড়া-মুড়ি সুস্বাদু ও বাজারে চাহিদা থাকায় চাষি ভাই এ কাজে একটু কৌশল খাটিয়ে ভাল লাভ করতে পারেন।

**পাট:** পাটের জমিতে এ সময় বিছা পোকা, ঘোড়া পোকা, চেলে পোকা, ক্ষুদে মাকড়সা এবং পাতায় হলদে রোগসহ নানাবিধ সমস্যা দেখা দিতে পারে। ডিমের গাদা বা ছোট লার্ভা সমেত পাতা সংগ্রহ করে নষ্ট করে দিতে হবে। পোকা দমনে সমন্বিত বালাই ব্যবস্থাপনা নিতে হবে। তবে যেখানে বন্যার পানি বেশি হয় সেখানে তার আগেই পাট কাটা যেতে পারে।

**ভুট্টা:** পরিপক্ক হবার পর খরিফ-১ এ লাগানো ভুট্টার মোচা সংগ্রহ করা যায়। রোদ না থাকলে সংগৃহীত ভুট্টার মোচা কেটে ঘরের বারান্দায় বা ভেতরে ঝুলিয়ে রাখতে হবে এবং পরে রোদ হলে শুকিয়ে পরবর্তী ব্যবস্থা নিতে হবে।

**শাক-সবজি:** গ্রীষ্মে লাগানো ডাঁটা, পুই, ঝিঙ্গা, শসা, কুমড়ো, চিচিঙ্গা, কাকরোল ইত্যাদি সবজির বাড়ন্ত লতায় প্রয়োজনীয় মাচা দিতে হবে। গোড়া পরিষ্কার করে মাটি দিতে হবে যাতে পানিতে শেকড় ভেসে না যায়। মনে রাখতে হবে, লতানো সবজির গাত্র বৃদ্ধি যত বেশি হবে তার ফুল ফল ধারণক্ষমতা তত কমে যাবে। সে জন্য বেশি বৃদ্ধি সম্পন্ন লতার/গাছের ১৫-২০ শতাংশ লতা-পাত কেটে দিলে তাড়াতাড়ি ফুল ফল ধরে।

## চিত্রে বিএডিসি'র কার্যক্রম



বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ উদ্বোধন করছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি




বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্টে রানার্সআপ প্রধান, মনিটরিং জনাব মোঃ আঃ ছাত্তার গাজীর মালিকানাধীন খুলনা টাইগার্স দলের কাছে পুরস্কার তুলে দিচ্ছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি




বীজ বিক্রয় কলাকৌশল শীর্ষক বীজ ডিলার প্রশিক্ষণে বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি




২০২৩-২৪ বিতরণবর্ষে আমন ধানবীজ বিতরণ ও বিক্রয় কৌশল নির্ধারণ সম্পর্কিত কর্মশালায় বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি




বিএডিসি'র কৃষি পুলের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের অবসরজনিত বিদায় সংবর্ধনা উপলক্ষ্যে বক্তব্য রাখছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি



বিএডিসি'র প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জনাব পরিতোষ কুমার কুন্ডুকে অবসরজনিত বিদায় সংবর্ধনা উপলক্ষ্যে ক্রেস্ট প্রদান করছেন বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি

# চিত্রে বিএডিসি'র কার্যক্রম



*রংপুরে বিএডিসি'র কার্যক্রম পরিদর্শন শেষে ফটোসেশনে অংশগ্রহণ করছেন কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার, বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি সহ বিএডিসি'র কর্মকর্তাবৃন্দ*



*রংপুরে বিএডিসি'র খামারের খালে মাছের পোনা ছাড়ছেন কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার এবং বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি*



*দিনাজপুরের বিরামপুরে বিএডিসি'র মাধ্যমে নির্মিত পিএফজি সার গুদাম উদ্বোধন করছেন কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার। এ সময় বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি সহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন*

# চিত্রে বিএডিসি'র কার্যক্রম




*রাশিয়ায় বিএডিসি থেকে আলু রপ্তানির সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ফটোসেশনে বাংলাদেশের মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, বাংলাদেশে নিযুক্ত রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রদূত, বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়ের সচিব, বিএডিসি'র চেয়ারম্যান এবং রাশিয়ার আমদানিকারক প্রতিষ্ঠান নেরুর চেয়ারম্যানসহ বিএআরসির চেয়ারম্যান*




*রাশিয়ায় বিএডিসি থেকে আলু রপ্তানির সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কৃষিসচিব জনাব ওয়াহিদা আক্তার*




*বিএডিসি'র সেমিনার কক্ষে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কেক কাটছেন বিএডিসি উইমেন্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ*



বিএডিসি'র ঠাকুরগাঁও কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনের আওতায় চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বোরো ধানবীজ উৎপাদন স্কীম

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর পক্ষে জনসংযোগ কর্মকর্তার তত্ত্বাবধানে জনসংযোগ বিভাগ, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা থেকে প্রকাশিত।
ফোন : ২২৩৩৫৭৬৮৫, ইমেল : prdbadc@gmail.com, ওয়েবসাইট : www.badc.gov.bd, এম. এ. প্রিন্টিং সলিউশন, ১১২/২ ফকিরাপুল, ঢাকা থেকে মুদ্রিত